যুগান্তর

JUN. 1 3 2002

# বেতাগীর প্রাইমারি স্কুলের উন্নয়ন কাজে মন্থরগতি

বেতাগী (বরগুনা) প্রতিনিধি

বেতাগী উপজেলায় গত অর্থবছরে ৩০টি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কাজ শুরু হলেও অর্থ বরাদ্দের অভাবে ঠিকাদাররা যথাসময়ে কাজ সম্পন্ন করতে পারেনি।

গত অর্থবছরে ৩০টি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কাজ শুরু হয় এর মধ্যে ২০টি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় এবং ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। ঠিকাদাররা ইতিমধ্যে প্রায় ৬০/৭০ ভাগ কাজ সমাপ্ত করেছে কিন্তু অর্থের অভাবে বাকি কাজ সমাপ্ত করতে পারছে না। যার কারণে শিক্ষক-শিক্ষিকারা ছাত্রছাত্রী নিয়ে খোলা আকাশের নিচে ক্লাস করছেন।

কারও বাড়ির বারান্দায়, কাছারিতে এমনকি রাস্তার ওপরেও ক্লাস চালাচ্ছে। সামান্য বৃষ্টি হলে ক্লাস বন্ধ দিতে হয়। শিক্ষকদের এ ব্যাপারে উপজেলা প্রকৌশলী এবিএম সিদ্দিক জানান, ঠিকাদার ইতিমধ্যে যতটুকু কাজ শেষ করেছে তার অর্ধেক বিলও দেয়া যায়নি। তবে চলতি মাসে কিন্তু বরাদ্দ পাওয়া যাবে। তখন কাজ শুরু করা যাবে।